

বঙ্গবন্ধু'র জন্মবার্ষিকীতে বিআইসিএম'র শ্রদ্ধা



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকীতে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)।

বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আজ রোববার (১৭ মার্চ) ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিআইসিএম'র পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

এসময় ইন্সটিটিউটের নির্বাহী প্রেসিডেন্ট ড. মোহাম্মদ তারেক, পরিচালক (প্রশাসন ও অর্থ) নাজমুছ সালেহীন, উপ-পরিচালক মোঃ সিরাজুল ইসলামসহ ইন্সটিটিউটের কর্মচারীরা উপস্থিত ছিলেন।